



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা।

আইন বিভাগ

পি, এ, বি, এক্স-৯৫৬০০২১-৫

৯৫৬০০৩১-৫

ফোন : ৯৫৫৫৩০০১

নং-প্রকা/আইন-৯৯৫(অংশ-৫)/২০১৬-২০১৭/ ১৪৫৫ (১৫৫০)

তারিখঃ ১২-০৩-২০১৭খ্রিঃ

মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয়
মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়
বাংলাদেশ কৃষি ব্যাংক।

'বিষয়টি অতীব জরুরী'

বিষয়ঃ অর্থ ঋণ আদালত আইন-২০০৩ এর ৩৩(৫) ও ৩৩(৭) ধারায় বাংলাদেশ কৃষি ব্যাংকের অনুকূলে সনদপ্রাপ্ত সম্পত্তির সঠিক ও পূর্ণাঙ্গ তালিকা প্রেরণ এবং উক্ত আইনের ৪৬ ধারা অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে অর্থঋণ মামলা দায়ের প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে প্রধান কার্যালয়ের আইন বিভাগের ১৯.০২.২০১৭ইং তারিখের পত্র নং ১৩৩২ এর প্রেক্ষিতে বিভাগীয় কার্যালয় সমূহ হতে প্রেরিত ৩৩(৫) এবং ৩৩(৭) ধারা সনদপ্রাপ্ত সম্পত্তি সংক্রান্ত প্রতিবেদন বিগত ২৫.০২.২০১৭ইং তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ কৃষি ব্যাংকের মহাব্যবস্থাপক সম্মেলনে উপস্থাপন করা হয়। উক্ত প্রতিবেদন পর্যালোচনা করে মাননীয় ব্যবস্থাপনা পরিচালক মহোদয় ব্যাংকের অনুকূলে সনদপ্রাপ্ত সম্পত্তির বিষয়ে আরও তথ্যভিত্তিক সঠিক ও পূর্ণাঙ্গ তালিকা উপস্থাপনের নির্দেশনা দিয়েছেন। সে মোতাবেক ব্যাংকের অনুকূলে ৩৩(৫) এবং ৩৩(৭) ধারার আওতায় সনদপ্রাপ্ত সম্পত্তির সঠিক ও পূর্ণাঙ্গ হালনাগাদ (কেস টু কেস) বিবরণী নিম্নোক্ত ছকে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

ছক

(লক্ষ টাকায়)

ক্রমিক নং	অঞ্চল ও শাখার নাম	ঋণ গ্রহীতার নাম ও মামলার নম্বর	বিতরণকৃত টাকার পরিমাণ	৩৩(৫) ধারায় সনদ প্রাপ্তির		৩৩(৭) ধারায় সনদ প্রাপ্তির তারিখ		জামানতি সম্পত্তি বিবরণ			জামানত সম্পত্তির মূল্য		মন্তব্য/ সর্বশেষ অবস্থা
				তারিখ	জড়িত টাকার পরিমাণ	তারিখ	জড়িত টাকার পরিমাণ	মালিকের নাম	অবস্থান	পরিমাণ	গ্রহণকাঠীন	বর্তমান (আনুমানিক)	
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪
মোটঃ													

০২। অর্থ ঋণ আদালত আইন-২০০৩ এর ৪৬ ধারা মোতাবেক নির্ধারিত সময়ের মধ্যে অর্থঋণ আদালতে মামলা দায়েরের বিষয়ে আইন বিভাগের পত্র ৪২৩ তারিখ ০৫.১১.২০০৩ এ বিস্তারিত নির্দেশনা দেয়া হয়েছিল। তাছাড়া আইন বিভাগের পত্র নং ১৩১৪ তারিখ ১২.০২.২০১৭ইং এ উক্ত বিষয়ে পুনরায় নির্দেশনা দেয়া হয়েছিল। বিভাগীয় কার্যালয় সমূহ থেকে প্রেরিত ৩১.০১.২০১৭ তারিখ ভিত্তিক প্রতিবেদন পর্যালোচনায় অর্থ ঋণ আদালত আইন-২০০৩ এর ৪৬ ধারা মোতাবেক নির্ধারিত সময়-সীমার মধ্যে অর্থঋণ মামলা দায়েরের সংখ্যা আশাব্যঞ্জক না হওয়ায় ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষ অসন্তোষ প্রকাশ পূর্বক উক্ত আইনের ৪৬ ধারায় নির্ধারিত সময় সীমার মধ্যে মামলা দায়েরের ব্যর্থতায় অর্থ ঋণ আদালত আইন-২০০৩ এর ৪৬(৫) ধারার বিধান মোতাবেক সংশ্লিষ্ট কর্মকর্তাগণের বিরুদ্ধে শৃংখলামূলক ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেছেন।

০৩। এমতাবস্থায়, ব্যবস্থাপনা কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক জরুরী ভিত্তিতে ৩৩(৫) ও ৩৩(৭) ধারায় সনদপ্রাপ্ত সম্পত্তির তথ্য আগামী ২০.০৩.২০১৭ইং তারিখের মধ্যে অত্র বিভাগে প্রেরণ নিশ্চিতকরণ এবং ৪৬ ধারা মোতাবেক নির্ধারিত সময় সীমার মধ্যে দায়েরযোগ্য সকল মামলা দায়েরের পদক্ষেপ গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,

(মোঃ হাবিব উল্লাহ)
মহাব্যবস্থাপক
তারিখ : - এ -

নং-প্রকা/আইন-৯৯৫(অংশ-৫)/২০১৬-২০১৭/

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, সকল উপ-ব্যবস্থাপনা পরিচালক ১/২ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০৪। সকল উপ-মহাব্যবস্থাপক, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০৫। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা কে মূল পত্রটি কৃষি ব্যাংকের ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৬। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৭। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৮। নথি/ মহানথি।

(মোহাম্মদ আবদুর রব)
উপ-মহাব্যবস্থাপক